



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখ: ০৫ মার্চ ২০১৮ খ্রি:

ববি উপাচার্যের শোক প্রকাশ

হামদর্দ ল্যাবরেটরিজ বাংলাদেশের মোতায়ালি ও সিনিয়র পরিচালক (মার্কেটিং) বীর মুক্তিযোদ্ধা ড. হাকিম রফিকুল ইসলাম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ড. রফিকুল ইসলাম এর মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা ও শিক্ষানুরাগীকে হারালো, যাঁর শূন্যতা অপূরণীয়। তাঁর সম্পর্কে স্মৃতিচারণ করতে গিয়ে উপাচার্য মহোদয় আরও বলেন, ড. রফিকুল ইসলাম আমার দীর্ঘদিনের বন্ধু ছিলেন, আমরা একসাথে অনেক মধুর সময় কাটিয়েছি। ড. রফিকুল ইসলাম অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই সোসাইটি ও রেজিস্টার্ড গ্রাজুয়েট ঢাকা বিশ্ববিদ্যালয়ের আজীবন সদস্য ছিলেন। উপাচার্য মহোদয় তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস